

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
 সুরক্ষা সেবা বিভাগ
 স্বরাষ্ট্র মন্ত্রণালয়
 ৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশুত বাস্তবায়ন কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ২.২.১
 অনুযায়ী সেবা প্রদান বিষয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণীঃ

| | |
|--------------------------|---|
| সভাপতি | : মো: আব্দুল ওয়াহাব ভূঞ্জা মহাপরিচালক (ফ্রেড-১) |
| সভার তারিখ ও সময় | : ২০ ডিসেম্বর, ২০২২খ্রি; বেলা ১২.৩০ টা। |
| সভার স্থান | : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন জনপ্রশাসনে দায়বদ্ধতা বৃক্ষি ও সরকারি সেবা প্রদান বিষয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশুত কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ২.২.১ এ অন্তভুক্ত করা হয়েছে। তিনি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে সমন্বিতভাবে কাজ করার আহবান জানান। সভাপতি সভায় উপস্থিত অংশীজনকে (Stakeholder) মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

০২। অংশীজন (Stakeholder) নিম্নোক্ত মতামত প্রদান করেন :

- এরিস্টোফার্মা প্রতিনিধি বলেন, লাইসেন্স নবায়ন ও মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল আমদানীর পূর্বানুমতির জন্য চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র দিলেও নবায়ন প্রক্রিয়া বা পূর্বানুমতির প্রক্রিয়া সম্পন্ন হতে অনেক সময় লাইসেন্স নবায়ন ও আমদানীর পূর্বানুমতির মেয়াদ চলে যায়। সেক্ষেত্রে পুনরায় হালনাগাদ কাগজপত্র চাওয়া হয়-যেগুলো অন্যান্য প্রতিষ্ঠান সংশ্লিষ্ট। অন্যান্য প্রতিষ্ঠান থেকেও হালনাগাদ কাগজপত্র পেতে বিলম্ব হয়। তিনি লাইসেন্স নবায়ন ও মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল আমদানীর পূর্বানুমতির জন্য আবেদন দাখিলের সময়/ক্ষণ বিবেচনার অনুরোধ জানান। পরিচালক (প্রশাসন) বলেন, এ সকল কাজে চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র থাকলে বিলম্ব করা যাবে না বা বিলম্ব হয়না। পরিচালক (নিরোধ শিক্ষা) বলেন, লাইসেন্স নবায়ন ও মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল আমদানীর পূর্বানুমতির জন্য চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করে এবং সময় হাতে রেখে আবেদন করতে হবে। অতিরিক্ত মহাপরিচালক বলেন, অধিদপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সময় বিবেচনায় রেখে এবং চেকলিস্ট অনুযায়ী হালনাগাদ কাগজপত্র সংযুক্ত করে আবেদন করলে অধিদপ্তর কর্তৃক উক্ত আবেদন নিষ্পত্তি করা সহজ হয়।

০৩। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাটে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|------|--|--|
| ৩.১ | লাইসেন্স নবায়ন ও মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল আমদানীর পূর্বানুমতির জন্য সংশ্লিষ্ট বিধিমালা ও চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করে আবেদন জমা দিতে হবে। আবেদন দাখিলের ক্ষেত্রে অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারে উল্লিখিত সময় অনুসরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুর্বাসন)/মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল অফিস প্রধান। |
| ৩.২ | সেবার মান বৃদ্ধিতে গতিশীলতা আনয়ন করতে হবে। সেবা গ্রহীতাদের প্রত্যাশা ও সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | পরিচালক (সকল) |
| ৩.৩ | সেবা প্রদান প্রতিশুত (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | পরিচালক (প্রশাসন)/সহকারী প্রোগ্রামার |
| ৩.৪ | অধিদপ্তরের ওয়েবসাইটের প্রতিটি সেবা বক্স নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | পরিচালক (প্রশাসন)/সহকারী প্রোগ্রামার |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আব্দুল ওয়াহাব ভূঞ্জা)
মহাপরিচালক (ফ্রেড-১)

২৭/১২/২০২২

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.০২। ৮৭১)

১২ পৌষ, ১৪২৯

তারিখ: _____

২৭ ডিসেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দ্রঃ আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেড়ারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।

শামীম সুজাম্বেদ
উপপরিচালক (প্রশাসন)